

## সিআইপি (রপ্তানি ও ট্রেড)- ২০১৬ এর কার্ড বিতরণ অনুষ্ঠান আয়োজন।

রপ্তানি ও ব্যবসা-বাণিজ্যে গুরুত্বপূর্ণ অবদান রাখার স্বীকৃতি স্বরূপ সরকার ১৩৭ জন বিশিষ্ট ব্যবসায়ীকে সিআইপি (রপ্তানি) ও ৪১ জন ব্যবসায়ী নেতৃত্বদকে সিআইপি (ট্রেড)-২০১৬ সম্মানে ভূষিত করতে যাচ্ছে।

আগামী ১৮ ডিসেম্বর বিকাল ৩.০০ ঘটিকায় মাননীয় বাণিজ্য মন্ত্রী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নির্বাচিত সিআইপিদের সিআইপি কার্ড প্রদান করবেন।

সরকারি নীতিমালা অনুযায়ী সিআইপি প্রাপকগণ বাংলাদেশ সচিবালয়ে প্রবেশ, ব্যবসা সংক্রান্ত ভ্রমণে বিমান, রেলপথ, সড়ক ও জলপথে সরকারি যানবাহনে আসন সংরক্ষণের ক্ষেত্রে বিশেষ সুবিধা ভোগ করে থাকেন। এ ছাড়া জাতীয় অনুষ্ঠান ও মিউনিসিপ্যাল করপোরেশনের নাগরিক সম্বর্ধনায় আমন্ত্রণ প্রাপ্তি এবং ব্যবসা সংক্রান্ত কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে ভিসা সুবিধার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় হতে লেটার অব ইনট্রোডাকশন প্রাপ্ত হবেন। চিকিৎসার জন্য সরকারী হাসপাতালে কেবিন প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

রপ্তানি উন্নয়ন ব্যুরোর পক্ষ হতে সিআইপি কার্ড প্রাপকগণকে অভিনন্দন জানানো যাচ্ছে।